



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নান্দাইল, ময়মনসিংহ
doict.nandail.mymensingh.gov.bd

উপজেলা আইসিটি কমিটির জুলাই/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | সারমিনা সান্তার উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৪ জুলাই, ২০২৫ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১২.৩০ ঘটিকা। |
| স্থান | উপজেলা প্রশাসনিক ভবন সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ় করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---------|-----------------------|-----------|----------------|
|---------|-----------------------|-----------|----------------|

| | | | |
|------------|---|---|--|
| <p>১.০</p> | <p><u>তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ</u></p> <p>এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, ১। উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, তথ্য অধিকার আইন ২০০৯ (২০০৯ সালের ২০ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার। সেজন্য আইনের ৬ ধারায় তথ্য প্রকাশের নির্দেশনা দেয়া হয়েছে এবং তথ্য কমিশনের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৪-তে স্ব স্ব ওয়েবপোর্টালে প্রকাশযোগ্য সকল হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১৫(৫) , মন্ত্রিপরিষদ বিভাগের ৯/৯/১৫ তারিখে স্মারক নং ১২৮, ০৪/০১/১৮ তারিখের স্মারক নং ১-তে ওয়েবসাইট প্রস্তুত ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনুশাসন এবং ০৪/০৭/১৯ তারিখের ১৩০ নং স্মারকে সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলোর অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের নিজ ওয়েবপোর্টালের ঠিকানা ব্যবহার। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌছানোর লক্ষ্যে নাগরিক সেবার মান বৃদ্ধিতে প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, টেন্ডার বিজ্ঞপ্তি, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া তথ্য বাতায়নের রিপোর্ট অনুযায়ী শতভাগ হালনাগাত করার বিষয়ে আলোচনা হয়।</p> | <p>১। নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের দপ্তর প্রধানকে নিজস্ব ওয়েব পোর্টালের ঠিকানা ব্যবহার করতে হবে এবং প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর, সিটিজেন চার্টার, এপিএ, এনআইএস, টেন্ডার বিজ্ঞপ্তি, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য নিয়মিত ওয়েব পোর্টালে হালনাগাদ করতে হবে।</p> <p>২। এক্ষেত্রে কোন কারিগরি সমস্যা ও সহায়তা ক্ষেত্রে প্রয়োজন বোধে উপজেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদ করণ কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>রিপোর্ট সংযুক্ত।</p> | <p>১। দপ্তর প্রধান (সকল), নান্দাইল</p> <p>২। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল</p> |
|------------|---|---|--|

| | | | |
|-----|--|--|--|
| ২.০ | <p>ডি-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, নান্দাইল উপজেলা পর্যায়ে লাইভ সার্ভারে ডি-নথি কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ২০ (বিশ) টি। অফিসগুলো- উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী প্রকৌশলীর কার্যালয়/জনস্বাস্থ্য, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা মৎস্য অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, উপজেলা রিসোর্স সেন্টার, উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রাণী সম্পদ অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা প্রকৌশলীর অফিস, জাতীয় মহিলা সংস্থা।</p> <p>ট্রেনিং সার্ভারে কার্যক্রম চলমান অফিসের সংখ্যা ০৫ (পাঁচ) টি। অফিসগুলো- উপজেলা আনসার ও ভিডিপি অফিস, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। অন্যান্য অফিসগুলোকে ট্রেনিং সার্ভারে নিয়ে আসার কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>উপজেলা আইসিটি অফিসার আরো জানান যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ), ১৫(৬) এবং ১৬ নম্বর নির্দেশনাসমূহে ই-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেক্ট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ এবং পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২, অভিযোগ প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা-২০১৫ এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮-এ ডি-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতেও (এপিএ) ডি-নথি ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। ফলে সকল সরকারি দপ্তরে ডি-নথির ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক।</p> | <p>১। ডি-নথি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নাগরিকসেবা প্রদানের মাধ্যমে ডিজিটাল কার্যক্রমে গতিসত্তার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লাইভ সার্ভারে চলমান অফিসগুলোকে বিশেষভাবে অনুরোধ করা হলো। ডি-নথি লাইভ সার্ভারে চলমান অফিসগুলো সকল দাপ্তরিক কাজ ডি-নথি সিস্টেমে করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২। ডি-নথি সিস্টেমে রিপোর্ট উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩। এক্ষেত্রে কোন কারিগরি সমস্যা ও সহায়তা ক্ষেত্রে প্রয়োজন বোধে উপজেলা আইসিটি অফিসারের সাথে যোগাযোগের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p> | <p>১। দপ্তর প্রধান (সকল), নান্দাইল উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নান্দাইল</p> |
|-----|--|--|--|

| | | | |
|------------|--|--|---|
| <p>৩.০</p> | <p>ডিজিটাল ল্যাব পরিদর্শন, ব্যবহার ও প্রশিক্ষণের আয়োজন সংক্রান্তঃ</p> <p>উপজেলা আইসিটি অফিসার বলেন,</p> <p>১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ০৭ অক্টোবর ২০২৪ খ্রিঃ তারিখের ৪৬৫ নং সারকের মাধ্যমে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অব ফিউচার এর নাম পরিবর্তন করে আইসিটি ডিজিটাল ল্যাব এবং আইসিটি স্কুল অব ফিউচার নামকরণ করা হয়েছে। এছাড়া নান্দাইল পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ে আইসিটি রোবটিক কর্ণারের কার্যক্রম চলমান</p> <p>২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক নান্দাইল উপজেলায় ৩৯ টি প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটি ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন, ব্যবহার ও ইনহাউজ প্রশিক্ষণ চলু করার বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে আইসিটি ডিজিটাল ল্যাবের জন্য শিক্ষক সহায়িকা পুস্তক ব্যবহারের বিষয়ে আলোচনা হয়।</p> <p>৩। ল্যাব সমূহ নিয়মিত ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।</p> | <p>আইসিটি ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল :</p> <p>১। আইসিটি ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। ল্যাব সমূহে নিয়মিত প্রশিক্ষণ চালু রাখতে হবে। এক্ষেত্রে আইসিটি ডিজিটাল ল্যাবের জন্য শিক্ষক সহায়িকা পুস্তক ব্যবহার করতে হবে।</p> <p>২। ল্যাব সমূহ নিয়মিত ছাত্র-ছাত্রীদের ব্যবহার নিশ্চিত করতে হবে।</p> <p>৩। কম্পিউটার ল্যাব এবং এর যন্ত্রাংশ সমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং প্রতিটি ল্যাপটপ নিয়মিত চার্জ দিতে হবে।</p> <p>৪। আইসিটি ডিজিটাল ল্যাব কক্ষের নিরাপত্তা বাড়ানোর জন্য ল্যাবের দরজা, জানালার নিরাপত্তা বাড়াতে হবে যেমন: জানালার ফাঁক দিয়ে যাতে কোন ভাবেই ল্যাপটপ বের করা না যায় তা নিশ্চিত করার তাগিদে জানালায় অতিরিক্ত লোহার পাত ঝালাই করে ফাঁক সমূহকে কমিয়ে আনতে হবে এবং ল্যাবের দরজার নিরাপত্তা বাড়ানোর তাগিদে অতিরিক্ত কেঁচি গেট/গ্রিল গেট সংযুক্ত করা যেতে পারে।</p> <p>৫। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নৈশপ্রহরীকে রাত্রিকালীন সময়ে ল্যাব কক্ষের পার্শ্ববর্তী কোন কক্ষে/স্থানে (সংশ্লিষ্ট ভনের একই মেঝেতে) অবস্থান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৬। আইসিটি ডিজিটাল ল্যাবে প্রয়োজনীয় রেজিস্টারাদি সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ করতে হবে।</p> <p>৭। আইসিটি ক্লাবের কার্যক্রম বেগবান করতে হবে।</p> <p>৮। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ অনুযায়ী ল্যাব পরিচালনা করতে হবে। সংযুক্তঃ(শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২)</p> | <p>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল</p> <p>২। উপজেলা আইসিটি অফিসার,</p> <p>আইসিটি অধিদপ্তর,</p> <p>নান্দাইল</p> <p>৩। আইসিটি ডিজিটাল ল্যাব/ক্লাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল,</p> <p>৪। আইসিটি ডিজিটাল ল্যাব/ক্লাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল,</p> <p>৫। আইসিটি ডিজিটাল ল্যাব/ক্লাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল,</p> |
|------------|--|--|---|

| | | | |
|-----|---|---|---|
| ৪.০ | <p>ইউনিয়ন ওয়েবপোর্টাল এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রমঃ</p> <p>এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, ১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা প্রদান ব্যাপারে আলোচনা করা হয়। ২। ইউডিসিতে আরোও সেবা মান বাড়ানোসহ আয় বৃদ্ধি করার জন্য আলোচনা হয়। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোডের বিষয়ে আলোচনা হয়। ৩। স্থানীয় সরকার বিভাগের ১২ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯.৭৭৯ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল ইউনিয়নের ওয়েব সাইট/পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। এলজিএসপি সহ সকল প্রকল্পের তালিকা নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া ইউনিয়ন চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী, উদ্যোক্তা, গ্রাম-পুলিশদের হালনাগাদ তথ্য এবং ইউনিয়ন পরিষদে ন্যাস্তকৃত দপ্তরের যারা দায়িত্বে আছেন তাদের তথ্য যথাযথভাবে হালনাগাদের বিষয়ে আলোচনা করা হয়।</p> | <p>১। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও পৌর ডিজিটাল সেন্টারের কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রান্তিক জনগনকে সেবা দিতে হবে। ২। সকল ইউডিসিতে সরকার কর্তৃক নিরাপত্তা বেষ্টনি ভাটা ইউডিসির মাধ্যমে প্রদান করার জন্য উপজেলার সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। সকল উদ্যোক্তাদের ইউডিসিতে কার্যক্রম বাড়ানোর জন্য বলা হয়। একসেবা সিস্টেমে নিয়মিত আয় আপলোড দিতে হবে। ৪। স্থানীয় সরকার বিভাগের ১২ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯.৭৭৯ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল ইউনিয়নের ওয়েব সাইট/পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। এলজিএসপি সহ সকল প্রকল্পের তালিকা নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইউনিয়ন চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী, গ্রাম-পুলিশদের হালনাগাদ তথ্য এবং ইউনিয়ন পরিষদে ন্যাস্তকৃত দপ্তরের যারা দায়িত্বে আছেন তাদের তথ্য যথাযথভাবে হালনাগাদের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্ট সংযুক্ত।</p> | <p>১। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, নান্দাইল ২। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল), নান্দাইল ৩। উদ্যোক্তা (সকল) ইউডিসি ও পিডিসি, নান্দাইল</p> |
| ৫.০ | <p>মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্তঃ</p> <p>এ বিষয়ে উপজেলা আইসিটি অফিসার জানান যে, ১) মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে (web: mmcm.gov.bd) কার্যক্রম বেগমান করার বিষয়ে আলোচনা হয়। ২) শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন তাতে দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন।</p> | <p>১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা উপজেলা আইসিটি অফিসারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। ২। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে যাতে শতভাগ রিপোর্ট ভালো হয় এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার তাঁর অধিনস্থ সকল শিক্ষা-প্রতিষ্ঠান কেন্দ্রীয় মনিটরিং করার বিষয়ে অনুরোধ জানানো হয়।</p> | <p>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা, নান্দাইল ২। উপজেলা শিক্ষা অফিসার, নান্দাইল ৩। উপজেলা আইসিটি অফিসার, নান্দাইল ৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ</p> |
| ৬.০ | <p>প্রশিক্ষণ সংক্রান্তঃ</p> <p>উপজেলা আইসিটি অফিসার জানান যে, উপজেলা পর্যায়ে ডি-নথি ও ওয়েব পোর্টালের শতভাগ ব্যবহার বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন অতীব প্রয়োজন।</p> | <p>সভাপতি মহোদয় এ বিষয়ে জানান যে, উপজেলা পরিষদের বাজেট থেকে ডি-নথি ও ওয়েব পোর্টালের প্রশিক্ষণ আয়োজন বিষয়ে উপজেলা প্রকৌশলীকে আইন ও বিধি দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।</p> | <p>১। উপজেলা প্রকৌশলী, নান্দাইল ২। উপজেলা আইসিটি অফিসার, নান্দাইল</p> |

অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সকল সংযুক্তিসমূহ:

(১) উপজেলা ওয়েব পোর্টাল রিপোর্ট

- (২) ইউনিয়ন ওয়েব পোর্টাল রিপোর্ট
(৩) শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২
(৪) ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত




৩১-০৭-২০২৫
সারমিনা সান্তার
উপজেলা নির্বাহী অফিসার
০২৯৯৬৬৭৪৬৩৩ (ফোন)
০৯০২৯৬৪১০৭ (ফ্যাক্স)
unonandail@mopa.gov.bd

নম্বর: ৫৬.০৪.৬১৭২.০০০.০০০.০৬.০০০১.২০.৩১

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নান্দাইল, ময়মনসিংহ।
- ৪। জেলা আইসিটি অফিসার, জেলা আইসিটি অফিসার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, নান্দাইল, ময়মনসিংহ।
- ৬। উপজেলা কর্মকর্তা (সকল), নান্দাইল, ময়মনসিংহ।
- ৭। ইউপি চেয়ারম্যান/প্রশাসক (সকল), নান্দাইল, ময়মনসিংহ।
- ৮। আইসিটিডি ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), নান্দাইল, ময়মনসিংহ।
- ৯। আইসিটিডি ডিজিটাল ল্যাব/ক্লাসরুম প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক (সকল), নান্দাইল, ময়মনসিংহ।
- ১০। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন/উপজেলা/পৌরসভা, ডিজিটাল সেন্টার, নান্দাইল, ময়মনসিংহ।
- ১১। অফিস নথি।



৩১-০৭-২০২৫
মোঃ রাকিবুল হাসান
উপজেলা আইসিটি অফিসার